বাংলাদেশের প্রেক্ষাপটে

হাসান নাসের

# মাল্টিমিডিয়া প্রযুক্তি এবং পিসির বহুমূখী ব্যবহার

কমপিউটার প্রযুক্তি বিকাশের প্রথম যুগে এর ব্যবহার শুধুমাত্র গাণিতিক ও প্রযুক্তি সংক্রান্ত হিসাবের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু আজকে '৯০-এর দশকের মধ্যভাগে এসে আমরা দেখছি কমপিউটার সর্বত্র তার স্থান করে নিয়েছে। বিশেষ করে অফিসে এবং বাসায় এর ব্যবহার ক্রমশঃই অপরিহার্য হয়ে উঠছে। বাসায় আর দশটা ইলেক্ট্রনিক যন্ত্রের মত কমপিউটার ব্যবহার করার ধারণাটা নতুন হলেও অতি দ্রুত এর যে বিস্তার ঘটছে, তার পেছনে দুটো কারণ মূখ্য। প্রথম কারণ হচ্ছে পার্সোনাল কমপিউটার বা পিসির কল্পনাতীত মুল্যহ্রাস এবং দ্বিতীয় কারণ হলো মাল্টিমিডিয়া প্রযুক্তির আবির্ভাব।

মাল্টিমিডিয়া বলতে কমপিউটারে একাধিক মিডিয়া যেমন টেক্সট, গ্রাফিক্স এবং শব্দ একত্রে ব্যবহার করে কোন কাজ করা বোঝায়। খুব প্রাথমিক কাজ যেমন একটি টেক্সট ডকুমেন্টের মধ্যে একটি মৌখিক নির্দেশ বা মেসেজ পেষ্ট করা থেকে শুরু করে জটিল ধরনের কাজ যেমন শিক্ষামূলক সফটওয়্যার তৈরী করা পর্যন্ত সব কাজেই এর ব্যবহার করা সম্ভব। সম্প্রতি এক জরীপে দেখা গেছে একটি শিল্পোন্নত দেশে ৫ থেকে ১২ বছর বয়সী শিশুদের ৪৭% এর বাড়ীতে পিসি আছে এবং তাদের বেশীর ভাগের অভিভাবকেরা মনে করেন যে, পিসির শিক্ষামূলক সফটওয়্যারগুলো বইয়ের মতই কার্যকরী। একটা প্রযুক্তি কতখানি শক্তিশালী হলে একটা শতাব্দীপ্রাচীন ধারণাকে বদলে দিতে পারে তা ভাবলে অবাক হতে হয়।

আমাদের দেশেও মাল্টিমিডিয়া পিসির জনপ্রিয়তা বাড়ছে। কমপিউটারের দাম কমায় এখানে উচ্চবিত্ত এবং মধ্যবিত্তদের অনেকেই কমপিউটার কিনেছেন এবং তাঁরা এখন মাল্টিমিডিয়া বিষয়ে আগ্রহী হয়ে উঠছেন। কমপিউটারে শব্দ ও গ্রাফিক্স বা ভিডিও ফাইল তৈরী করতে বেশ বড় ষ্টোরেজ ডিভাইস প্রয়োজন হয় এবং এখন পর্যন্ত সিডি-রমের মত সস্তায় বেশী তথ্য সংরক্ষনের কোন উপায় আবিকৃত হয়নি। সে কারণে প্রায় সব মাল্টিমিডিয়া সফটওয়্যারই সিডি-রমে রক্ষিত অবস্থায় পাওয়া যায়। অতএব মাল্টিমিডিয়া জগতে প্রবেশের জন্য প্রয়োজন একটি সিডি-রম ড্রাইভ এবং একটি সাউন্ড কার্ড। আইবিএম কম্প্যাটিবল পিসির জন্য যে মাল্টিমিডিয়া আপগ্রেড কিট পাওয়া যায় তাতে প্রধানতঃ এ দুটি জিনিষ থাকে। এ ছাড়াও থাকতে পারে স্পীকার বা হেডফোন, মাইক্রোফোন এবং কয়েকটি সিডি-রম টাইটেল। এ ধরনের কিটগুলোতে আগের চাইতে এখন বেশী সফটওয়্যার এবং সিডি টাইটেল দেয়া হচ্ছে এবং এগুলোর দামও এখন ক্রয়ক্ষমতার মধ্যে চলে এসেছে।


এ ছাড়াও আরো কিছু অতিরিক্ত যন্ত্র লাগিয়ে আপনার পিসিটিকে আপনি বহুমূখী কাজের উপযোগী করে তুলতে পারেন।

একটি সাধারণ পিসিকে মাল্টিমিডিয়া পিসিতে রূপান্তরিত করার জন্য এরপর এতে ভিডিও সংযোজন করা যেতে পারে। এ কাজে যে ভিডিও কার্ড প্রয়োজন হয় সেটা এখন আমাদের দেশে পাওয়া যাচ্ছে। এটি লাগানোর পরে আপনি যে কোন ভিডিও সোর্স থেকে পছন্দ মত ছবি হার্ডডিস্কে রেকর্ড করতে পারবেন এবং উইন্ডোজভিত্তিক যে কোন সফটওয়্যারে ছবিগুলো ব্যবহার করতে পারবেন। কমপিউটারে আইডেন্টিটি কার্ড তৈরীর মত কাজে এ প্রযুক্তির ব্যাপক উপযোগীতা রয়েছে। উপরন্তু এই কার্ডটিতে একটি টিভি টিউনার সংযোজিত থাকায় আপনি অবসর সময়ে মনিটরে টিভি প্রোগ্রাম উপভোগ করতে পারবেন।

শক্তিশালী পিসির সহজলভ্যতা এবং নতুন নতুন সফটওয়্যারের আবির্ভাব মানুষকে অফিসের কাজে বেশী করে কমপিউটার ব্যবহার করতে উদ্বুদ্ধ করেছে। একটি আধুনিক অফিসের জন্য যে সব যন্ত্র অত্যাবশ্যক অর্থাৎ ওয়ার্ড প্রসেসর, ফ্যাক্স, ইলেক্ট্রনিক ফাইলিং সিস্টেম ইত্যাদি সবকিছুর কাজই এখন কমপিউটারের মাধ্যমে করা সম্ভব। একটি ফ্যাক্স কার্ড লাগালে আপনি কমপিউটারের মাধ্যমে ফ্যাক্স আদান-প্রদান করতে পারবেন, আলাদা ফ্যাক্স মেশিনের প্রয়োজন পড়বে না। এই একই কার্ডের মাধ্যমে আপনি কোন অনলাইন সার্ভিসের গ্রাহক হয়ে ই-মেইলও আদান-প্রদান করতে পারবেন। যদি মেসেজ ফ্যাক্স করতে হয় তবে তো কোন সমস্যাই নেই, তবে যদি কোন ডকুমেন্ট স্ক্যান করে পাঠাতে হয় তবে একটি হ্যান্ড স্ক্যানার বা ফ্ল্যাটবেড স্ক্যানার প্রয়োজন হবে। এই একই স্ক্যানার ব্যবহার করে আপনি আপনার কাগজের ফাইলগুলোকে হার্ডডিস্কে সংরক্ষন করতে পারেন যার ফলে আপনার টেবিলের উপর ফাইলের স্তূপ জমিয়ে রাখার কোন প্রয়োজন থাকবে না।

আপনার অফিসটি যদি বড় হয় এবং একটি কমপিউটারে এতকিছু সংযোজন করতে যদি কাজের অসুবিধা হয় তবে আপনি সহজেই কয়েকটি কমপিউটার ব্যবহার করতে পারেন। বড় ধরনের সার্ভার এবং জটিল নেটওয়ার্ক ছাড়াও আপনি কয়েকটি পিসিকে সংযুক্ত করে ওয়ার্কগ্রুপ তৈরী করতে পারেন। যেমন আপনি যদি ইথারনেট বা অন্য কোন নেটওয়ার্ক কার্ড ব্যবহার করে কয়েকটি পিসি সংযুক্ত করেন এবং সবগুলোতে "উইন্ডোজ ফর ওয়ার্কগ্রুপ" কে অপারেটিং সিস্টেম হিসাবে ব্যবহার করেন তবে ফ্যাক্স কার্ড, স্ক্যানার, প্রিন্টার বা সিডি-রম ড্রাইভ যে কোন একটি পিসিতে বা কয়েকটি পিসিতে লাগানো থাকলেই সবাই এগুলোর সুবিধা পেতে পারে। আমাদের দেশের ছোট বা মাঝারী আকারের অফিসের জন্য এটি একটি ভাল সমাধান।

কমপিউটারকে বিবিধ কাজে লাগানোতে সময় বাঁচে, কাগজের ব্যবহার কমে, অল্প পরিসরে অফিস স্থাপন করা যায় এবং এতগুলো যন্ত্রের সম্মিলিত দামের এক ভগ্নাংশ খরচে এই কার্ডগুলো কমপিউটারে লাগানো যায়। এ কারণে অনেকেই এখন বাসায় পিসিতে এ সুবিধাগুলো পেতে আগ্রহী হয়ে উঠছেন। ❁




MICROLOGIC SYSTEMS & SOLUTIONS

Offers Training on the following Computer Courses :

| | | |
|---|---|---|
| WORD PERFECT 6.0 | CLIPPER 5.2 | QBASIC |
| LOTUS 1-2-3 REL. 3.4 | MS-WORD | FORTRAN |
| QUATTRO PRO | WINDOWS 3.1 | TURBO PASCAL |
| dBASE-IV Ver. 1.5 | EXCEL for WINDOWS | TURBOC |
| ASSEMBLY LANGUAGE | AUTOCAD | & MORE |

Address : 3/6, Block-D. Lalmatia, Dhaka-1207. Tel : 329766